ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪০২৯

আগরতলা, ২৮ নভেম্বর, ২০২৫

**স্বল্প সঞ্চয় ঃ পশ্চিম জেলায় এখন পর্যন্ত**
**৪৩৩.৮৬ কোটি টাকা সংগৃহীত**

স্বল্প সঞ্চয় প্রকল্পে পশ্চিম জেলায় চলতি অর্থবছরে ৭২০ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এর মধ্যে জেলার সদর মহকুমা থেকে ৬৮২ কোটি, জিরানীয়া মহকুমা থেকে ৪৮ কোটি এবং মোহনপুর মহকুমা থেকে ৩০ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল। ইতিমধ্যে এই অর্থবছরের অক্টোবর পর্যন্ত জেলার এই তিনটি মহকুমা থেকে ৪৩৩.৮৬ কোটি টাকা সংগৃহীত হয়েছে। এর মধ্যে সদর মহকুমা থেকে ৩৮৪.২১ কোটি, জিরানীয়া মহকুমা থেকে ২৯.৩৭ কোটি টাকা এবং মোহনপুর মহকুমা থেকে ২০.২৮ কোটি টাকা সংগৃহীত হয়েছে। পশ্চিম জেলা স্বল্প সঞ্চয় কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

******